

প্রাথমিকের সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের সমস্যা দ্রুত সমাধানের আশ্বাস প্রতিমন্ত্রীর

অনলাইন ডেস্ক



দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত হয়েও দীর্ঘদিন নিয়োগ ও পদায়ন না পাওয়া প্রার্থীদের সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ।

আজ রবিবার রাজধানীর শাহবাগে অবস্থান কর্মসূচিতে অংশ নেওয়া প্রার্থীদের প্রতিনিধিদের সঙ্গে কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের দাবি গুরুত্ব সহকারে বিবেচনার কথা জানান।

একইসঙ্গে প্রার্থীদের বর্তমান পরিস্থিতি ও ভোগান্তির বিষয়টি শুনে দ্রুত সমাধানে

প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আশ্বাসও দেন
তিনি।

এর আগে, আজ বেলা ১১টায় জাতীয় জাদুঘরের
সামনের সড়কে পূর্বঘোষিত অবস্থান কর্মসূচি
শুরু করেন সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা। পরবর্তী
সময়ে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি)
রমনা বিভাগের উপপুলিশ কমিশনার মো.
মাসুদ আলমের অনুরোধের পরিপ্রেক্ষিতে
আন্দোলনকারীরা আলোচনার জন্য
প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত নেন।

গত ৯ জানুয়ারি পার্বত্য ৩ জেলা ছাড়া দেশের
৬১ জেলায় একযোগে সহকারী শিক্ষক
নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত
পরীক্ষায় উত্তীর্ণ ৬৯ হাজার ২৬৫ জন প্রার্থীকে
মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়।

গত ৮ ফেব্রুয়ারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে
সহকারী শিক্ষক পদে নিয়োগের চূড়ান্ত ফল
প্রকাশ করা হয়। এতে ১৪ হাজার ৩৮৪ জন
প্রার্থীকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন
করা হয়। তাতে জেলাভিত্তিক উত্তীর্ণ প্রার্থীদের
তালিকাও প্রকাশ করে অধিদফতর। ফল

প্রকাশের আড়াই মাস পেরিয়ে গেলেও
চাকরিতে যোগদান করা হয়নি তাদের।